

প্রকাশ : সোমবার, ৩০ নভেম্বর, ২০১৫ ০০:০০ টা  
আপলোড : ২৯ নভেম্বর, ২০১৫ ২৩:৩৬

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

# যানজট মোচনের নয়া উদ্যোগ

## উত্তর ঢাকার মেয়রের প্রয়াস সফল হোক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

রাজধানীর যানজট নিরসনে ঢাকা উত্তর সিটি করপোরেশন এক মহাপরিকল্পনা হাতে নিয়েছে। যানজট নিরসনের অংশ হিসেবে ঢাকা মহানগরীর জয়দেবপুর চৌরাস্তাসংলগ্ন তেলিপাড়া থেকে তেজগাঁও সাতরাস্তা মোড় পর্যন্ত ২২টি ইউলুপ তৈরির মাস্টার প্ল্যান হাতে নিয়েছেন ঢাকা উত্তরের মেয়র আনিসুল হক। এই মহাপরিকল্পনা বাস্তবায়নে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাসও দিয়েছেন। ইউলুপ তৈরির জন্য প্রয়োজনীয় ৩৭ বিঘা জমি দেওয়া হবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পক্ষ থেকে। গত শনিবার এ উপলক্ষে মেয়র আয়োজিত এক সভায় সড়ক পরিবহন ও সেতুমন্ত্রীর সহ সংশ্লিষ্ট জনপ্রতিনিধি ও কর্মকর্তারা যোগ দেন। বৈঠকে বলা হয়, বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী হাতিরঝিল সাতরাস্তা থেকে গাজীপুর চৌরাস্তা পর্যন্ত সড়কে ২২টি ইউলুপ তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে। ইউলুপের সর্বনিম্ন দূরত্ব হবে ৮০০ মিটার এবং সর্বোচ্চ ৩ দশমিক ২ কিলোমিটার। এ জন্য ৩৭ দশমিক ০৯ বিঘা জমির প্রয়োজন হবে। এ জমি পাওয়া গেলে ছয় মাসের মধ্যে প্রকল্পটির বাস্তবায়ন সম্ভব হবে। এতে উত্তর ঢাকার যানজট অন্তত ২৫ থেকে ৪০ ভাগ কমে যাবে। বৈঠকে যানজট নিরসনে ফুটপাথ অপদখলমুক্ত করার তাগিদ দেওয়া হয়। এ ব্যাপারে মেয়রকে কাউন্সিলরদের সাহায্য নেওয়ার পরামর্শও দেওয়া হয়। যানজটকে জাতীয় সমস্যা হিসেবে আখ্যায়িত করে এর নিরসনে সর্বাঙ্গিক প্রয়াস চালানোর অঙ্গীকার ব্যক্ত করা হয়। রাজধানীর যানজট নিরসনে ঢাকা উত্তর সিটি করপোরেশনের উদ্যোগ আশাজাগানিয়া। সিটি নির্বাচনের আগে আনিসুল হক প্রতিশ্রুতি দিয়েছিলেন নির্বাচিত হলে ঢাকাকে বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তোলা হবে। মেয়র হিসেবে দায়িত্ব গ্রহণের পর যানজট নিরসনের দায়িত্ব অন্য কোনো কর্তৃপক্ষের ওপর চাপিয়ে না দিয়ে সমস্যার গ্রন্থিমোচনে প্রতিশ্রুতি অনুযায়ী এগিয়ে এসে তিনি

যে নজির সৃষ্টি করেছেন তা প্রশংসার দাবিদার। আমরা তার উদ্যোগের সাফল্য কামনা করছি। আমাদের মতে, যানজট নিরসনে কার্যকর সাফল্য পেতে চাইলে ফুটপাথ অপদখলমুক্ত, যেখানে সেখানে পার্কিং বন্ধ এবং ট্রাফিক শৃঙ্খলা প্রতিষ্ঠারও উদ্যোগ নিতে হবে। যানজট সমস্যার সমাধানে সিটি করপোরেশন শুধু নয়, সংশ্লিষ্ট সব মহলকেই এগিয়ে আসতে হবে।